

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য : পশ্চিমবঙ্গ

তারিখ : ১৮.০৪.২২

গত ৪ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৪.০৪.২২ থেকে ১৭.০৪.২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্য্যন্ত)

উক্ত সময়ের মধ্যে

১৪ এপ্রিল: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের , দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার আলিপুরদুয়ার ও কালিম্পং জেলাগুলোর কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল ।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): পুন্ডিবাড়ি - ৫ ।

১৫ এপ্রিল: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের , জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাগুলোর অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া , পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলোর দু-এক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল ।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): জলপাইগুড়ি, কোচবিহার , কাটোয়া - ১ ।

১৬ এপ্রিল : পশ্চিমবঙ্গের মালদা , বাঁকুড়া , পশ্চিম বর্ধমান ও ঝাড়গ্রাম জেলাগুলোর দু-এক জায়গায় তাপপ্রবাহ চলেছিল।পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল ।

১৭ এপ্রিল : পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার দু-এক জায়গায় তাপপ্রবাহ চলেছিল।পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক ছিল।পশ্চিমবঙ্গের কোচবিহার , পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪-পরগনা জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারী ধরনের এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল।

সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে , ১৪ এপ্রিল , বহরমপুর - এ, রাতের সর্বনিম্ন তাপমাত্রা ২৬ ডিগ্রী সেলসিয়াস ছিল।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে - ১৫ এপ্রিল - বাঁকুড়ায় সর্বোচ্চ তাপমাত্রা ৪৩.৭ ডিগ্রী সেলসিয়াস ছিল।

আপেক্ষিক আর্দ্রতা(শতাংশ) : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৯ থেকে ৮৩ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৩১ থেকে ৯৪ শতাংশ ।

পরবর্তী ৩ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্য্যন্ত , আবহাওয়ার পূর্বাভাস (১৯.০৪.২২ থেকে ২১-০৪-২২) :

দিন ০১ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া , পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে । পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকবে । পরবর্তী ৩ দিন তাপমাত্রা খুব বেশি বাড়বে না তারপর ২ দিন ১ থেকে ২ ডিগ্রী সেলসিয়াস কমতে পারে ।

দিন ০২ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া ও পূর্ব বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে । পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকবে ।

দিন ০৩ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের , দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার আলিপুরদুয়ার ও কালিম্পং জেলাগুলোর অনেক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় আর গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া , পূর্ব বর্ধমান , পশ্চিম মেদিনীপুর , হাওড়া, হুগলী , উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে । পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকবে ।

সতর্কীকরণ :

দিন ০১ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০- ৫০ কিমি বেগে দমকা ঝোড়ো হাওয়া সাথে শিলাবৃষ্টি হবার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০- ৪০ কিমি বেগে দমকা ঝোড়ো হাওয়া বয়ে যাবার সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া , পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হবার সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া , ঝাড়গ্রাম ও

পশ্চিম বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় , তাপ প্রবাহের সম্ভাবনা আছে।

দিন ০২ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০-- ৫০ কিমি বেগে দমকা ঝোড়ো হাওয়া সাথে শিলাবৃষ্টি হবার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দু-এক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম , নদীয়া ও পূর্ব বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় , বজ্র-বিদ্যুৎ এর সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া , ঝাড়গ্রাম ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় , তাপ প্রবাহের সম্ভাবনা আছে।

দিন ০৩ : গাঙ্গেয় পশ্চিমবঙ্গের , মূর্শিদাবাদ , বীরভূম ও নদীয়া জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০-- ৫০ কিমি বেগে দমকা ঝোড়ো হাওয়া বয়ে যাবার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দু-এক জায়গায় , বজ্র-বিদ্যুৎ এর সম্ভাবনা আছে।

পরবর্তী দু দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে ।

স্বাক্ষরিত

১৮-০৪-২২

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

!